

আরবের অবস্থানস্থল (موقع العرب)

তিনদিকে সাগর বেষ্টিত প্রায় ১৩ লক্ষ বর্গমাইল
ব্যাপী বিশ্বসেরা আরব উপদ্বীপ কেবল পৃথিবীর
মধ্যস্থলেই অবস্থিত নয়, বরং এটি তখন ছিল
চতুর্দিকের সহজ যোগাযোগস্থল ও ব্যবসা-
বাণিজ্যের কেন্দ্রভূমি। বর্তমান ফ্রান্সের প্রায় দ্বিগুণ
এই বিশাল ভূখন্ডটির অধিকাংশ এলাকা মরুময়।
অথচ এই ধূসর মরুর নীচে রয়েছে আল্লাহর
রহমতের ফল্গুধারা বিশ্বের মধ্যে মূল্যবান তরল
সোনার সর্বোচ্চ রিজার্ভ। এর পশ্চিমে লোহিত
সাগর, পূর্বে আরব উপসাগর। যা গ্রীকদের নিকট
পারস্য উপসাগর নামে খ্যাত। দক্ষিণে আরব সাগর

(যা ভারত মহাসাগরের বিস্তৃত অংশ) এবং উত্তরে
সিরিয়া ও ইরাকের ভূখন্ড। পানিপথ ও স্থলপথে
আরব উপদ্বীপ এশিয়া, আফ্রিকা ও ইউরোপ তিনটি
মহাদেশের সাথে যুক্ত।